BSRM
the ultimate steel

Xtreme talk

www.bsrm.com/newsletter
Half Yearly Issue | June, 2015

সম্পাদকীয়

২০১৫ ইং গ্রীষ্মের সবচেয়ে গুরুত্বপূর্ণ ইভেন্ট ছিল আইপিওর (IPO) মাধ্যমে বিএসআরএম স্টীল রি-রোলিং মিলস্‌ের শেয়ার বাজারে উন্মুক্ত হওয়ার ঘটনা যা সাধারণ বিনিয়োগ কারীদের মাঝে অতি উদ্যমের সহীত গৃহীত হয়। গ্রুপের প্রথম ও প্রাচীনতম প্রতিষ্ঠান বাংলাদেশ স্টীল রি-রোলিং মিলস্ লিমিটেড বা সংক্ষেপে বিএসআরএম লিমিটেড যার দ্বারা গ্রুপের যাত্রা শুরু হয়েছিলো। এই সাফল্য কোম্পনির অ্যাকাউন্টস ও ফাইনান্স বিভাগ ও গ্রুপের প্রধান ফাইনান্সিয়াল অফিসারের (CFO) ধারাবাহিক ও দীর্ঘ প্রচেষ্টার ফসল। নিয়ন্ত্রক সংস্থা বাংলাদেশ সিকিউরিটিজ এন্ড এক্সচেঞ্জ কমিশন চট্টগ্রাম ও ঢাকা স্টক এক্সচেঞ্জ কমিশন বিএসআরএম লিমিটেড-এর শেয়ারের অবাধ লেনদেন অনুমোদন করে। এই ইভিন্টটি বিএসআরএম লিমিটেড-এর দীর্ঘ ৬৩ বছর পথ যাত্রার ইতিহাসের সন্ধিক্ষণ। আরেকটি উল্লেখযোগ্য ঘটনা ছিল বিএসআরএম স্টীল লিমিটেড ও বিএসআরএম স্টীল রি-রোলিং মিলস্ লিমিটেড-এর বার্ষিক সাধারণ সভা (AGM) যা একটি যুগোপযোগি পদ্ধতিতে ১৫ জুন প্রতিষ্ঠানদ্বয়ের পরিচালনা পর্ষদ এবং উল্লেখযোগ্য শেয়ার হোল্ডারদের উপস্থিতিতে সফলভাবে অনুষ্ঠিত হয়।

বাংলাদেশ স্টীল রি-রোলিং মিলস্ লিমিটেড-এর ঢাকা স্টক এক্সচেঞ্জ (DSE) তালিকাভুক্তি অনুষ্ঠান

জনাব আমীর আলী হুসাইন, চেয়ারম্যান, বাংলাদেশ স্টীল রি-রোলিং মিলস্ লিমিটেড এবং ঢাকা স্টক এক্সচেঞ্জ-এর উর্ধ্বতন কর্মকর্তরা (DSE) ২৭ এপ্রিল, ২০১৫ তারিখে বিএসআরএম স্টীল রি-রোলিং মিলস্ লিমিটেড-এর শেয়ার ট্রেডিং অনুষ্ঠানে উপস্থিত ছিলেন।

জনাব স্বপন কুমার বালা (FCMA), ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা স্টক এক্সচেঞ্জ (DSE) এবং জনাব আমীর আলী হুসাইন, চেয়ারম্যান বাংলাদেশ স্টীল রি-রোলিং মিলস্ লিমিটেড, ডিএসই একটি অনুষ্ঠানে বেল ধ্বনিত করার মাধ্যমে বিএসআরএম লিমিটেড-এর শেয়ারগুলো লেনদেন শুরু করেন।

বার্ষিক বিক্রয় সম্মেলন ২০১৪

ছবি: বার্ষিক বিক্রয় সম্মেলন ২০১৪, হোটেল সীগাল কক্সবাজারে ২৫ এপ্রিল, ২০১৫ তে অনুষ্ঠিত হয়। ন্যাশনাল সেলস হেড এর নেতৃত্বে গ্রুপের ব্যবস্থাপনা পরিচালক, গ্রুপ নির্বাহী পরিচালক, অর্থ পরিচালক এবং কয়েক বিভাগীয় প্রধানদের স্বত:স্ফূর্ত যোগদান ও উপস্থিতিতে সমগ্র বিক্রয় সদস্যদের এই দিনব্যাপি সম্মেলন অনুষ্ঠিত হয়।

ছবি: জনাব শোভন এম. শাহাবুদ্দিন (রাজ) ন্যাশনাল সেলস প্রধান, জনাব আমীর আলী হুসাইন, ব্যবস্থাপনা পরিচালক বিএসআরএম গ্রুপ, তাদের বক্তৃতার মাধ্যমে প্রতিষ্ঠানের বর্তমান অবস্থা, চলমান প্রক্রিয়া, ভবিষ্যত পরিকল্পনা ও লক্ষ্য নির্ধারণ ইত্যাদি বিষয়ের উপর গুরুত্ব আরোপ করেন।

নকশা নির্মাণ কাজে 500W রডের ফ্যাটিগ এবং ডাকলিটির গুরুত্ব বিষয়ক বিএসআরএম প্রকৌশলী কর্মশালা

বিএসআরএম বিপণন বিভাগের আয়োজনে রাজশাহী ও ঝিনাইদহ জেলায় যথাক্রমে ৬ষ্ঠ এবং ২০ই এপ্রিল, 500W রডের কারিগরী গুণাগুনের উপর প্রকৌশলী কর্মশালা অনুষ্ঠিত হয়। রাজশাহী এবং ঝিনাইদহ কর্মশালায় স্পিকার হিসেবে উপস্থিত ছিলেন যথাক্রমে অধ্যাপক ডঃ আতিকুল ইসলাম এবং প্রকৌশলী এ.বি.এম. সাজ্জাদ হোসেন (বাম ছবিতে)। উভয় স্পিকারবৃন্দ তাঁদের উপস্থাপনায় নকশা এবং নির্মাণ কাজে ৫০০W রডের ফ্যাটিগ এবং ডাকলিটির গুরুত্ব নিয়ে আলোচনা করেন। এই কর্মশালা অনুষ্ঠানগুলোতে আরো উপস্থিত ছিলেন জনাব আবুল হাসনাত, লীড ব্র্যান্ডিং ও মার্কেট আউটরিচ, বিএসআরএম-এর প্রডাক্ট ইঞ্জিনিয়ারবৃন্দ, প্রখ্যাত স্থানীয় প্রকৌশলী, অধ্যাপক ও পরামর্শকবৃন্দ।

ছবি: মিস রুহি এম. আহমেদ. হেড অব সিএসআর, বিএসআরএম (বাম থেকে প্রথম) জনাব আলী হুসাইন আকবর আলী, এফসিএ, বিএসআরএম গ্রুপের চেয়ারম্যান (বাম থেকে দ্বিতীয়), জনাব কাজী রফিকুল আলম, প্রেসিডেন্ট, DAM (বাম দিক থেকে ৪র্থ), খাজা সামসুল হুদা, (বাম দিক থেকে ৫ম) DAM পরিচালক (প্রোগ্রাম) সমঝোতা স্বাক্ষর অনুষ্ঠানে ঢাকা DAM অফিসে মার্চ ২২, ২০১৫ ইং তারিখে উপস্থিত ছিলেন।

বিএসআরএম গ্রুপ এবং ঢাকা আহছানিয়া মিশন (DAM) কাঠ জ্বালানির বিকল্প হিসেবে যৌথভাবে একটি ভূষি তৈরির কারখানা স্থাপনের জন্য নিজ নিজ প্রতিষ্ঠানের পক্ষে একটি সমঝোতা স্মারকে স্বাক্ষর করে।

অরণ্য উচ্ছেদ সমস্যা এড়ানোর জন্য বিএসআরএম গ্রুপ এবং ঢাকা আহছানিয়া মিশন (DAM) চট্টগ্রামের বাঁশখালিতে যৌথভাবে একটি বিকল্প জ্বালানি কারখানা স্থাপনের জন্য কাজ করবে। এই উদ্যোগের আওতায় কাঠ জ্বালানির বিকল্প হিসেবে একটি ভূষি তৈরির কারখানা, চট্টগ্রাম শহরের বাঁশখালী উপজেলার সাধনপুর ইউনিয়নে নির্মাণ করা হবে।

বিএসআরএম-সৌদি-বাংলাদেশ ইন্ডাস্ট্রিয়াল ও এগ্রিকালচারাল ইনভেস্টমেন্ট কোম্পানি লিমিটেড (সাবিনকো) ৫০০ গ্রামীন পরিবারকে জীবাণুমুক্ত সুপেয় পানীয় সরবরাহ করার লক্ষ্যে যৌথভাবে কাজ করবে।

ছবি: কাজী শাহীরুল হাসান, ব্যবস্থাপনা পরিচালক, সৌদি-বাংলাদেশ ইন্ডাস্ট্রিয়াল ও এগ্রিকালচারাল ইনভেস্টমেন্ট কোম্পানি লিমিটেড (সাবিনকো) এবং আলী হুসাইন আকবর আলী, এফসিএ, বিএসআরএম গ্রুপ চেয়ারম্যান, খুলনা জেলার কালীগঞ্জ ইউনিয়ন দাকোঁপের ৫০০ পরিবারকে সুপেয় পানীয় জল সরবরাহের লক্ষ্যে পানি শোধানাগার ব্যবস্থা স্থাপনের জন্য ২১ মার্চ তাদের নিজ নিজ প্রতিষ্ঠানের পক্ষে একটি সমঝোতা স্মারকে স্বাক্ষর করেন।

বিএসআরএম ব্যবস্থাপনা পরিচালক সাউদার্ন ইউনিভার্সিটির বাণিজ্যিক ফেয়ারে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন

সাউদার্ন ইউনিভার্সিটি বাংলাদেশ আয়োজিত রোজ ১২ ও ১৩ই এপ্রিল, ২০১৫ ইং তে অনুষ্ঠিত দুই দিন ব্যাপী বাণিজ্যিক ফেয়ারে জনাব আমীর আলীহুসাইন, ব্যবস্থাপনা পরিচালক, বিএসআরএম গ্রুপ প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে বক্তব্য রাখেন। বক্তব্যের একাংশে জনাব আমীর আলী হুসাইন নবীন উদ্যোক্তাদের নির্দিষ্ট লক্ষ্য নির্ধারণ এবং সঠিক পথে মনোনিবেশ করার বিষয়ে গুরুত্ব আরোপ করেন। তিনি বলেন, একজন সফল উদ্যোক্তা দেশের মানুষের জন্য কর্মসংস্থান সৃষ্টি এবং অর্থনীতিতে গুরুত্বপূর্ণ অবদান রাখতে পারে।

এন্টারপ্রাইজ রিসোর্স প্ল্যানিং (ERP): ক্রমান্বয়ে সফল বাস্তবায়ন

বিএসআরএম গ্রুপের সকল বিভাগ এবং ফাংশনস্‌, পহেলা মার্চ ২০১৪, এন্টারপ্রাইজ রিসোর্স পরিকল্পনা বাস্তবায়নের প্রথম দিন হতে ধারাবাহিকভাবে উত্তোরত্তর সুফল পেতে শুরু করেছে। ইআরপি ব্যবসায়িক কার্যক্রম বাধা মুক্ত করতে বিএসআরএম গ্রুপ-এর সকল সহযোগী প্রতিষ্ঠানে ধীরে ধীরে সম্প্রাসারণ করা হচ্ছে। বর্তমানে ইআরপি প্রকল্পের আওতায় বিএসআরএম-এর তিন অঙ্গ প্রতিষ্ঠান এ.এইচ. আকবর আলী এন্ড কোং, বিএসআরএম লিমিটেড (BMRE প্রকল্প) এবং বিএসআরএম স্টিল মিলস্‌ লিমিটেড-এর সকল ফাংশনস্‌ গুলোতে বাস্তবায়িত হয়েছে। বিএসআরএম স্টাফদের অসামান্য প্রচেষ্টায় এই বাস্তবায়ন সফল হয়ে উঠেছে এবং যুগান্তকারী উদাহরণ সৃষ্টি করেছে। ইআরপি নিখুঁত ও স্বচ্ছ ব্যবসায়িক লেনদেন, নির্ভুল রির্পোটিং এবং কার্যকর সিদ্ধান্ত গ্রহণে অভূতপূর্ব সহায়তা করে যাচ্ছে।

পেশাধারী কৃতিত্বের জন্য অভিনন্দন

জনাব মো: সাইফুর রহমান চৌধুরী, টীম মেম্বার পারফরমেন্স ও ক্যারিয়ার ম্যানেজমেন্ট অব কর্পোরেট এইচ আর, জনাব এস.এম. আবু ইউসুফ, টীম মেম্বার এইচআর, বিএসআরএম আয়রণ ও স্টীল কোম্পানি লিমিটেড এবং জনাব মোঃ মোরসেল আনোয়ার, টিম মেম্বার, এইচ আর এন্ড আই আর, বিএসআরএম স্টীলস লিমিটেড, বাংলাদেশ ইনস্টিটিউট অব ম্যানেজমেন্ট (BIM) হতে কৃতিত্বের সাথে পোষ্ট গ্রাজুয়েট ডিপ্লোমা ইন হিউম্যান রির্সোস ম্যানেজমেন্ট (PGDHRM) সম্পন্ন করেছেন। বিএসআরএম তাদের এই অর্জনের জন্য গর্বিত এবং বিশ্বাস করে যে, ভবিষ্যতে তারা কোম্পানিতে উপস্থিত থেকে কোম্পানীর জন্য অনেক সম্মান বয়ে আনবেন।

বিএসআরএম স্টীলস-এর ১৩তম বার্ষিক সাধারণ সভা ও বাংলাদেশ স্টীল রি-রোলিং মিলস্‌ লিমিটেডের ৫৩তম বার্ষিক সাধারণ সভা ১৫ জুন, ২০১৫ অনুষ্ঠিত হয়।

বিএসআরএম স্টীল লিমিটেড-এর ১৩তম এজিএম ও বিএসআরএম স্টীল রি-রোলিং মিলস্‌ লিমিটেড-এর ৫৩তম এজিএম ১৫ জুন এস এস খালেদ রোডে অবস্থিত ইঞ্জিনিয়ার্স ইনস্টিটিউট, বাংলাদেশ, চট্টগ্রাম কেন্দ্রে দুই পৃথক সেশনে অনুষ্ঠিত হয়। এই অনুষ্ঠানে উপস্থিত ছিলেন পরিচালনা পর্ষদের সকল সদস্য, গ্রুপ সিএফও ও কোম্পানি সচিব, কোম্পানি অডিটর এবং শেয়ারহোল্ডারদের একাংশ।

(বাম থেকে) মোহাম্মদ সাইফ উদ্দিন, এফসিএ, অংশীদার; রহমান রহমান হক, চার্টার্ড অ্যাকাউন্ট্যান্টস (কোম্পানির বিধিবদ্ধ নিরীক্ষক), জনাব মনোরঞ্জন দে, এফসিএ (স্বতন্ত্র পরিচালক), জনাব শেখর রঞ্জন কর, এফসিএ, গ্রুপ সিএফও ও কোম্পানি সচিব, জনাব আলী হুসাইন আকবর আলী, এফসি, চেয়ারম্যান, জনাব আমীর আলী হুসাইন ব্যবস্থাপনা পরিচালক, জনাব যোহায়ের তাহের আলী অর্থ পরিচালক, জনাব তেহসীন যোহায়ের তাহের আলী, পরিচালক বিএসআরএম স্টীল লিমিটেড-এর ১৩তম এজিএম অনুষ্ঠানে উপস্থিত ছিলেন।

(বাম থেকে) জনাব নাসিম আনোয়ার, এফসিএ, অংশীদার; সাইফুল শামসুল আলম এন্ড কোং (কোম্পানির বিধিবদ্ধ নিরীক্ষক), জনাব মনোরঞ্জন দে, এফসিএ (স্বতন্ত্র পরিচালক), জনাব শেখর রঞ্জন কর, এফসিএ, গ্রুপ সিএফও ও কোম্পানি সচিব, জনাব আলী হুসাইন আকবর আলী, এফসিএ, ব্যবস্থাপনা পরিচালক, জনাব আমীর আলী হুসাইন, চেয়ারম্যান, জনাব যোহায়ের তাহের আলী, অর্থ পরিচালক, মিস সাবীন আমীর, পরিচালক বাংলাদেশ স্টিল রি-রোলিং মিলস্‌ লিমিটেডের ৫৩তম এজিএম অনুষ্ঠানে উপস্থিত ছিলেন।

লটারীর মাধ্যমে বিএসআরএম লিমিটেড-এর আইপিও শেয়ার বন্টন

বাংলাদেশ স্টীল রি-রোলিং মিলস্ লিমিটেড-এর আইপিও শেয়ার বরাদ্দের অনুষ্ঠান বুয়েটের সরাসরি তত্ত্বাবধায়নে পরিচালিত হয়।

বিএসআরএম-এর চট্টগ্রাম ইন্ডিপেনডেন্ট ইউনিভার্সিটি (CIU) মিলনায়তন সংস্কারে অবদান।

একাডেমিক এবং শিক্ষাগত উদ্দেশ্য উন্নত এবং সহজতর করার লক্ষ্য বিএসআরএম সমর্থন দিতে সম্মত হয়েছে রোকসানা মঞ্জিল, ২/১৬ জামাল খান, ৫ম তলায় অবস্থিত চট্টগ্রাম ইন্ডিপেনডেন্ট ইউনিভার্সিটি অডিটোরিয়াম সংস্কার কর্মে। এ প্রসঙ্গে জনাব আমীর আলী হুসাইন ব্যবস্থাপনা পচিলক, বিএসআরএম গ্রুপ এবং ড: এরশাদ কামাল খান প্রো ভাইস চ্যান্সেলর, (CIU) ২২ এপ্রিল, ২০১৫ নিজ নিজ প্রতিষ্ঠানের পক্ষে একটি সমঝোতা স্মারকে স্বাক্ষর করেন।

ছবি: (বাম থেকে) ডা: মো: জিল্লুর রহমান, গ্রন্থগারিক; জনাব কুমার দোয়েল দে, ম্যানেজার, প্রশাসন, CIU, প্রকৌশলী রশিদ আহমেদ চৌধুরী, প্রক্টর, CIU, মিস রুহী এম. আহমেদ, সিএসআর হেড, বিএসআরএম; জনাব আমীর আলী হুসাইন ব্যবস্থাপনা পরিচালক, বিএসআরএম গ্রুপ, ড: ইরশাদ কামাল খান, উপ-উপচার্য, CIU, জনাব ইলিয়াস আহমেদ, কোষাধক্ষ্য, CIU, ড: এম.এম.নুরুল আবসার, সহযোগী অধ্যাপক, CIU, জনাব মোস্তাফিজুর রহমান চৌধুরী, সহকারী পরিচালক, CIU, একটি আলোকচিত্রের জন্য ক্যামেরাবন্দী হন।

ছবি: (বাম থেকে) বিএসআরএম-এর ন্যাশনাল সেলস হেড, জনাব শোভন এম. শাহাবুদ্দিন (রাজ); মার্কেটিং ও নিউ প্রোডাক্ট ডেভেলপমেন্ট প্রধান, জনাব এম ফিরোজ; বিএসআরএম গ্রুপের নির্বাহী পরিচালক জনাব তপন সেনগুপ্ত; বিএসআরএম গ্রুপের ব্যবস্থাপনা পরিচালক জনাব আমীর আলী হুসাইন মৌলভীবাজারের হাজী আব্দুল খালিক অ্যান্ড সন্স-এর স্বত্বাধিকারী, জনাব এম.এ. খালিক, বিএসআরএম গ্রুপ অর্থ পরিচালক জনাব যোহায়ের তাহের আলী, জনাব ইফতেখার রসুল, চট্টগ্রাম লিড বিক্রয়-১, জনাব সাদ সালাউদ্দিন, চট্টগ্রাম লিড বিক্রয়-২ ও জনাব মোঃ শাহজাহান চৌধুরী, সিলেট ও মৌলভিবাজার, আঞ্চলিক বিক্রয় ইনচার্জ, একটি আলোকচিত্রের জন্য ক্যামেরা বন্দী হন।

উই ভ্যালু ইউ (We Value You) অনুষ্ঠানের মাধ্যমে বিএসআরএম-এর বি টু সি গ্রাহক সংযোগ

গ্রাহক সম্পর্ক ব্যবস্থাপনায় একটি নতুন দৃষ্টিকোন যোগ করার জন্য, বিএসআরএম বিক্রয় বিভাগ-এর প্রথম সারির পরিবেশকদের সঙ্গে দিনব্যাপী সংযোগ অনুষ্ঠানের আয়োজন করে আসছে। এই অনুষ্ঠানের মূলমন্ত্র হচ্ছে "সমৃদ্ধির পথে একসাথে"। এই অনুষ্ঠানের মাধ্যমে বিএসআরএম কর্তৃপক্ষ তাঁদের অন্যতম এক পরিবেশককে তাঁর আসাধারণ বিক্রয় দক্ষতা এবং সমৃদ্ধির জন্য স্বীকৃতি প্রদান করে। এই ধারাবাহিক প্রচেষ্টায় মৌলভিবাজারের মের্সাস হাজী আব্দুল খালিক এন্ড সন্স এর স্বত্বাধিকারী জনাব এম.এ, খালিক কে ১৮ই এপ্রিল, ২০১৫ ইং তে বিএসআরএম শীর্ষ ব্যবস্থাপনা বৃন্দ কর্তৃক প্রধান কার্যলয়ে অভিনন্দিত করা হয় এবং তার সঙ্গে মূল্যবান মতামত আদান প্রদানসহ তার সাফল্যের গল্প এবং কর্মজীবন সম্পর্কে কাছ থেকে জানা হয়। তাঁর একান্ত ব্যক্তি জীবন এবং পরিবারবর্গ সম্পর্কেও ঘনিষ্ঠভাবে ধারণা নেওয়া হয়।

সদ্য বিবাহিত বিএসআরএম সদস্যদের অভিনন্দন

০১

০২

০৩

০৪

ছবি: ১. জনাব ফখরুদ্দিন লিড পি এ্যান্ড আর (BISCO), অ্যাকাউন্টস, কর্পোরেট অফিস এবং তাঁর স্ত্রী জনাবা ফরিদা ইয়াছমিন; ২. জনাব ইমতিয়াজ উদ্দিন আহমেদ, টিম সদস্য, ইআরপি ফাংশন, কর্পোরেট অফিস এবং তার স্ত্রী জনাবা বখতায়ার মারজান, ৩. জনাব শৈবাল মিত্র, এ্যানালিস্ট, প্রজেক্ট ম্যানেজমেন্ট অফিস (BISCO), তাঁর স্ত্রী শ্রীমতি রূমকী দাশগুপ্ত; ৪. জনাব মোঃ মাহবুব রহমান, ইনচার্জ লোকাল স্ক্র্যাপ পারচেজ, এসসিএম, ঢাকা ও তার নববধূ জনাবা শারমিন আলম।

কর্পোরেট অফিস | আলী ম্যানসন, ১২০৭/১০৯৯, সদরঘাট রোড, চট্টগ্রাম
ফোন: +৮৮০ ৩১ ২৮৫৪৯০১-১০ ফ্যাক্স: +৮৮০ ৩১ ৬১০১০১, ই-মেইল: mail@bsrm.com

ঢাকা কর্পোরেট অফিস | মাহবুব ক্যাসল (২য়, ৩য় ও ৫ম তলা), ৩৫/এ পুরানা পল্টন লাইন, ভিআইপি সড়ক (ইনার সার্কুলার রোড), ঢাকা-১০০০
ফোন: +৮৮০ ২ ৮৩১৩১৩৫, ৯৫৫৮১৩৫, ফ্যাক্স: +৮৮০ ২ ৮৩১২৯০৫ ই-মেইল: dhaka@bsrm.com

FIND US AT: www.bsrm.com/newsletter, E-mail: newsletter@bsrm.com